দৈনিক ইনকিলাব

তারিখ 19 SEP 1988
পৃষ্ঠা 5 কলাম 3

..৮৮ 027

# শিক্ষাঙ্গন

## বিজ্ঞান শিক্ষার গুরুত্ব

বিজ্ঞানের যুগে বিজ্ঞান না পড়েও এসএসসি পরীক্ষা পাস করা যায় একথা ভাবতেও অবাক লাগে। সরকার মাধ্যমিক শিক্ষাস্তরে প্রচলিত ৬টি গ্রুপের পরিবর্তে মাত্র একটি গ্রুপভিত্তিক (অর্থাৎ কোন গ্রুপ থাকবে না) শিক্ষা চালু করার কথা ঘোষণা করেছেন। অন্যান্য গ্রুপ বন্ধ করে দিয়ে কেবলমাত্র মানবিক গ্রুপ [illegible]র ব্যবস্থা করেছেন। যদিও পাশাপাশি বিজ্ঞান গ্রুপও চালু আছে। বোধ হয়, বিজ্ঞান শিক্ষার প্রতি গুরুত্বের কারণেই।

বিজ্ঞান বিভাগ ও মানবিক বিভাগের পার্থক্য হচ্ছে যারা বিজ্ঞান বিভাগে পড়ছে তাদের ২শ' নম্বরের আধুনিক বিজ্ঞান বইটি পড়তে হচ্ছে। অপরপক্ষে যারা মানবিক গ্রুপে পড়ছে তাদের বিজ্ঞানের পরিবর্তে ২শ' নম্বরের সমাজ বিজ্ঞান পড়তে হচ্ছে। মানবিক বিভাগের শিক্ষার্থীদের বিজ্ঞান (কলা) না পড়লেও চলে। পরিণাম হচ্ছে বিজ্ঞানের ছাত্র-ছাত্রীরা ইতিহাস, অর্থনীতি ও পৌরনীতি সম্পর্কে কোন জ্ঞান অর্জন করতে পারছে না। এদিকে মানবিক বিভাগের ছাত্র-ছাত্রীরা বিজ্ঞান সম্বন্ধে কোন জ্ঞান লাভ করছে না। একই শিক্ষাস্তরের ছাত্র-ছাত্রীদের শিক্ষা দু'রকম। বিজ্ঞান শিক্ষা না থাকলে জাতীয় অগ্রযাত্রা রুদ্ধ হয়ে যাবে। পক্ষান্তরে যে জাতীয় ইতিহাস জানা [illegible]কলে দেশের অগ্রগতির ক্ষেত্রে কোন উন্নয়নমূলক কাজ করা সম্ভব হবে না।

তাই মাধ্যমিক শিক্ষাস্তরে আধুনিক বিজ্ঞান ও জাতীয় ইতিহাস সমন্বিত করে শিক্ষা ব্যবস্থা চালু করা প্রয়োজন। বিষয়টি সংশ্লিষ্ট মহল গভীরভাবে বিবেচনা করে দেখবেন বলে আশা রাখি।

—খোন্দকার কাওছার আলী